

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭০৬(আগরতলা, ১৪।১১)
কমলপুর, ১৪ নভেম্বর, ২০১৭

কমলপুরে শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপিত

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং কমলপুর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গত ১০ নভেম্বর শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। কমলপুর টাউন হলের মুক্ত মঞ্চ আয়োজিত এই অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুমন সাহা। এদিনের অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা নৃত্য ও গানের মাধ্যমে শচীন দেববর্মণের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।
